গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

**বিষয় : ভোলা জেলা প্রশাসনের জেলার এপিএ টিমের সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ আতাহার মিয়া
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।
তারিখ : ২৭-০৯-২০২০ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা এর অফিস কক্ষ।

কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভাপতি উপস্থিত এপিএ টিমের সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ভোলা জেলা প্রশাসনের এপিএ টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল এবং জেলা প্রশাসক, ভোলা এর মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের জন্য গঠিত জেলা পর্যায়ে এপিএ টিমের সকল সদস্যকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য আহবান জানান। অতঃপর নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. খসড়া APA প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা | এ কার্যালয় হতে গত ২৬/০৭/২০২০খ্রি. তারিখ ৩৩৩(২)/সংস্থাপন নং স্মারকে খসড়া APA প্রণয়ন করে অনুমোদন করার জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশালে প্রেরণ হয়েছিল। তৎপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল মহোদয় গত ৩০/০৭/২০২০খ্রি. তারিখ APA অনুমোদন করে এ কার্যালয়ে ফেরত প্রদান করেছেন। এছাড়াও জেলা প্রশাসক, ভোলা ও উপজেলা নির্বাহী অফিসারগণের মধ্যে ৩০/০৭/২০২০খ্রি. তারিখে APA চুক্তি স্বাক্ষর করা হয়েছে। | যথাসময়ে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনে সাথে এপিএ স্বাক্ষরিত হওয়ায় এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. প্রতি মাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা | আগস্ট/২০২০খ্রি. মাসের এপিএ টিমের সভা গত ১৯/০৮/২০২০খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়েছে। বর্তমান মাস হতে প্রতি মাসে একবার এপিএ টিমের সভা আহবান করে এপিএ'র অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা করে সভা আহবান করার আলোচনা করা হয়। এছাড়াও একই বিষয়ে উপজেলাসমূহের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়েও আলোচনা করা হয়। | জেলা ও উপজেলায় প্রতি মাসে একবার এপিএ টিমের সভা আহবান করে এপিএ'র অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারগণ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩. প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ | ২০২০-২০২১ অর্থবছরের অক্টোবরের ১ম সপ্তাহে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২০) অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রস্তুতপূর্বক আবশ্যিকভাবে APAMS সফটওয়্যারে আপলোড করার পর উর্ধ্বতন অফিসে প্রেরণ করাসহ প্রমাণক সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রস্তুতপূর্বক আবশ্যিকভাবে APAMS সফটওয়্যারে আপলোড করে উর্ধ্বতন অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

(চলমান পাতা-০২)

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| ৪. APAMS সফটওয়্যারের মাধ্যমে APA প্রণয়ন ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা | ইতোমধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ও জেলা প্রশাসক, ভোলা এবং জেলা প্রশাসক, ভোলা ও উপজেলা নির্বাহী অফিসারগণের মধ্যে ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APAMS সফটওয়্যারের মাধ্যমে প্রণয়ন করে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS সফটওয়্যারের মাধ্যমে প্রণয়নপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০২০-২০২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS সফটওয়্যারের মাধ্যমে প্রণয়নপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫. APA ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন | APA ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন করার বিষয়ে আলোচনা করা হয়। | APA ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আতাহার মিয়া)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।
☎: ০৪৯১-৬১৩৫৫

তারিখঃ ২৮/০৯/২০২০ খ্রিঃ

স্মারক নং-০৫.১০.০৯০০.০০১.১৮.০০১.২০-৪৫১(১০০)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, (সকল)...................................................... ।
৫. জেলা প্রশাসক, (সকল)............................................................ ।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ........................................, ভোলা।
৯. নেজারত/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ভোলা।
১০. সহকারী কমিশনার (ভূমি) (সকল),........................................, ভোলা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল),..............................................., ভোলা।
১২. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
১৩. অফিস কপি।

28/09/2020
(রেজওয়ানা চৌধুরী)
সহকারি কমিশনার
শিক্ষা শাখা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।